

দুনীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

গুদ্বাচার নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মুহাম্মদ দিলোয়ার বখ্ত
সচিব
দুনীতি দমন কমিশন।
সভার স্থান : সচিব এর দাপ্তরিক কক্ষ, দুনীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
তারিখ : ২৭ মার্চ ২০১৯ ।
সময় : বেলা ৩.০০ ঘটিকা ।


উপস্থিত কর্মকর্তাগণ : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রথমেই দুনীতি দমন কমিশন কর্তৃক প্রণীত ২০১৮-১৯ সালের জন্য জাতীয় গুদ্বাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এবং উক্ত কাঠামো মোতাবেক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। জাতীয় গুদ্বাচার কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর ক্রমিক নং ১ থেকে ১১.৫ পর্যন্ত প্রতিটি কার্যক্রমের নাম, কর্মসম্পাদন সূচক এবং বিগত ২ টি কোয়ার্টারে অর্জন এবং লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে পিছিয়ে থাকার কারণ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া তৃতীয় কোয়ার্টারে যেসব বিষয়ে এখনো লক্ষ্য অর্জন করা সম্ভব হয়নি সেগুলো চিহ্নিত করে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	জাতীয় গুদ্বাচার কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-১৯ এর ত্রৈমাসিক প্রতিবেদনে নৈতিকতা কমিটির প্রতিটি সভার তারিখ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
২	উত্তম চর্চার একটি তালিকা প্রস্তুত করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
৩	অংশীজনের অংশগ্রহণে যে সকল সভা দুদক কর্তৃক তৃতীয় কোয়ার্টারের সময়সীমায় আয়োজিত হয়েছে প্রতিবেদনের মন্তব্য কলামে সেগুলোর তারিখ উল্লেখ করতে হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
৪	গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ-১৯৮২', 'গণকর্মচারী আচরণ বিধিমালা-১৯৭৯' এবং 'সচিবালয় নির্দেশমালা ২০১৪' প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণের জন্য চলমান এবং ভবিষ্যৎ প্রশিক্ষণ মডিউলে আলাদা সেশনের ব্যবস্থা রাখার জন্য প্রশিক্ষণ অধিশাখাকে নির্দেশ প্রদান করা হবে।	মহাপরিচালক (প্রশাসন)

✓ ৫.	ই-গভর্নেন্স আইন দ্রুত প্রণয়ন এবং বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা বলতে কী বোঝানো হয়েছে সে বিষয়টি স্পষ্ট করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে মহাপরিচালক (প্রতিরোধ) যোগাযোগ করে প্রাপ্ত ফলাফল সভাপতিকে অবহিত করবেন।	মহাপরিচালক (প্রতিরোধ)
✓ ৬.	ই-গভর্নেন্স, ই-ফাইলিং এবং GRS পদ্ধতি চালু করার বিষয়ে খতিয়ে দেখে আগামী সভায় জানাতে হবে।	মহাপরিচালক (লিগ্যাল)/ সিস্টেম অ্যানালিষ্ট
✓ ৭.	অনুচ্ছেদ ৩.৩ এর বিষয়টি স্পষ্টীকরণ প্রয়োজন বিধায় মন্ত্রিপরিষদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে সভাপতিকে অবহিত করবেন।	মহাপরিচালক (প্রতিরোধ)
৮.	কমিশনের তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনলাইন প্রশিক্ষণ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান /ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
✓ ৯.	সিস্টেম অ্যানালিষ্ট তথ্য বাতায়নে দুদকের তথ্যসমূহ পুনরায় হালনাগাদ করবেন। এবিষয়ে সকল অনুবিভাগ তাকে নিয়মিত তথ্য সরবারহের বিষয়টি নিশ্চিত করবে।	সিস্টেম অ্যানালিষ্ট
✓ ১০.	'তথ্য অধিকার আইন ২০০৯', 'জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) আইন ২০১১', এবং 'জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ সুরক্ষা বিধিমালা ২০১৭' সম্পর্কে কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করণের নিমিত্ত প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।	মহাপরিচালক(প্রশাসন)/ সিস্টেম অ্যানালিষ্ট
✓ ১১.	কমিশনের পরবর্তী একটি সভা ভিডিও কনফারেন্সের মাধ্যমে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সিস্টেম অ্যানালিষ্টকে নির্দেশনা প্রদান করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
১২.	দুনীতি দমন কমিশন অভ্যন্তরীণ যে সকল সেবা প্রদান করে তার আলোকে একটি সিটিজেন চার্টার প্রণয়ন করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
১৩.	প্রত্যেক অনুবিভাগে নথি শ্রেণিবিন্যাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	মহাপরিচালক (সকল)
✓ ১৪.	দুদক নৈতিকতা সম্পর্কিত যেসকল পোস্টার লিফলেট তৈরি ও বিতরণ করে, সেগুলোর মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত কিছু বাণী উল্লেখ করার ব্যবস্থা গ্রহণ করা হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
✓ ১৫.	কর্মকর্তা-কর্মচারীদের বদলির প্রমিত নিয়মনীতি প্রণয়নের বিষয়ে মতামত এর জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
✓ ১৬.	শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭ পর্যালোচনা এবং তদানুযায়ী দুদক কর্মকর্তা/কর্মচারীদের জন্য পুরস্কার প্রবর্তনের ব্যবস্থা গ্রহণের জন্য শীঘ্রই একটি মতবিনিময় সভা আয়োজন করা হবে।	মহাপরিচালক (প্রশাসন)

অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মুহাম্মদ দিল্লোয়ার বিশ্বাস
সচিব
দুর্নীতি দমন কমিশন।

স্মারক নং/দুদক /

তারিখ /০৪ /১৯৯৩খ্রি.

বিতরণ

১. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন।
২. পরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়।
৩. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৪. কমিশনার (অনুসন্ধান/তদন্ত)এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা(মাননীয় কমিশনারের মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।

গোলাম শাহরিয়ার চৌধুরী
পরিচালক(NIS ও UNCAC Focal Point)
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা